

বিসিএস শিক্ষা ক্যাডারের
৩২ কর্মকর্তাকে বদলি
ভিত্তিক পদায়ন

নিম্ন বার্তা পরিবেশক
শিক্ষা প্রশাসনের বিভিন্ন সংস্থায় ৩২ জন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে বদলিভিত্তিক পদায়ন করেছে শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনটিসিবি), পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর (ডিআইএ), ঢাকা ও কুমিল্লা শিক্ষা বোর্ড, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) ও প্রকল্পে ৩২ জনকে পদায়ন করা হয়েছে। তাদের মধ্যে বেশ কয়েকজন বিতর্কিত ও বিএনপি-জামায়াতপন্থি কর্মকর্তাও রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

৩২ জন কর্মকর্তাকে নতুন কর্মস্থলে পদায়ন দিয়ে গতকাল আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়। আদেশে মৌলবীবাজার সরকারি কলেজের সহকারী অধ্যাপক মনিরুজ্জামানকে ডিআইএর সহকারী শিক্ষা পরিদর্শক, মাউশিতে ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত) ড. কানিজ ফাতেমাকে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উপপরিচালক, সরকারি বাঙলা কলেজে সংযুক্ত সহকারী অধ্যাপক মোহাম্মদ মাজহারুল হক মাসুদকে মাউশি অধিদফতরের সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা), মাউশিতে ওএসডি অধ্যাপক শেখ হারুনুর রশীদকে বিসিএস পৃষ্ঠা: ১৫ ক: ১

বিসিএস শিক্ষা
(১ম পৃষ্ঠার পর)

সেসিপ প্রকল্পের পরিচালক (খুলনা অঞ্চল), মিনাইদহ সরকারি জালান শাহ কলেজের সহযোগী অধ্যাপক এসকে মোস্তাফিজুর রহমানকে সেসিপ প্রকল্পের উপপরিচালক, সরকারি বিজ্ঞান কলেজের উপাধ্যক্ষ ড. হারুন-অর-রশীদকে ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক সিরাজগঞ্জ সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আলমগীর হোসেনকে ডিআইএর সহকারী পরিদর্শক কবি নজরুল কলেজে সংযুক্ত সহযোগী অধ্যাপক আজাদ হোসেন চৌধুরীকে ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরিচালক করা হয়েছে। অন্যদের মধ্যে কুমিল্লা ডিটোরিয়া কলেজের সহযোগী অধ্যাপক ড. আসাদুজ্জামানকে কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, যশোর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক কেএম রক্বানীকে যশোর শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক, শেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ড. একেএম রিয়াজুল হাসানকে এনসিটিবি'র সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম), সরকারি বাঙলা কলেজের সহযোগী অধ্যাপক সালাহ উদ্দিনকে এনসিটিবি'র উপসচিব (প্রশাসন), বাঙলা কলেজে সংযুক্ত সহকারী অধ্যাপক সৈয়দ মুস্তাফিজুর রহমানকে এনসিটিবি'র উপসচিব (কমন), ছফ্রাম সরকারি সিটি কলেজের অধ্যাপক ড. দিদারুল আলমকে এনসিটিবি'র বিতরণ নিয়ন্ত্রক, ওএসডি সহযোগী অধ্যাপক রোজীনা আখতারকে এনসিটিবি'র বিশেষজ্ঞ (মাধ্যমিক), ওএসডি সহযোগী অধ্যাপক শাহ মো. ফিরোজ আল ফেরদৌসকে এনসিটিবি'র সম্পাদক (প্রাথমিক), ফরিদপুর রাজেন্দ্র কলেজের সহযোগী অধ্যাপক ড. নাজমা বেগমকে এনসিটিবি'র বিশেষজ্ঞ (মাধ্যমিক), কবি নজরুল কলেজের সহযোগী অধ্যাপক সাইদুর রহমানকে এনসিটিবি'র উৎপাদন নিয়ন্ত্রক, ওএসডি সহকারী অধ্যাপক ওয়াজকুরনীকে এনসিটিবি'র গবেষণা কর্মকর্তা (প্রাথমিক), ধামরাই সরকারি কলেজের সহকারী অধ্যাপক নুরুল্লাহ সুলতানকে এনসিটিবি'র গবেষণা কর্মকর্তা (মাধ্যমিক), গোপালগঞ্জ সরকারি নজরুল কলেজের অধ্যক্ষ সন্তোষ কুমার ঢালীকে এনসিটিবি'র প্রধান সম্পাদক, রংপুর কারমাইকেল কলেজের অধ্যাপক ড. আবদুস সাত্তার মোল্লাকে এনসিটিবি'র সম্পাদক (প্রাথমিক) করা হয়েছে।